



অতি জরুরি
ই-মেইল/বিশেষ বাহক মারফত
তারিখ : ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৭
০১ জুন, ২০২০


স্মারক নম্বর-১৬.০০.০০০০.০০১.২১.০০৩.২০২০.৩৩৬

জরুরি বিজ্ঞপ্তি

বিষয়: স্বাস্থ্যবিধি অনুসরণ করে কওমী মাদ্রাসা সমূহের অফিস/দপ্তরসমূহ খোলা রাখা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাসের মহামারী প্রাদুর্ভাব পরিস্থিতির প্রেক্ষাপটে সরকারি নির্দেশনা অনুসরণ করে স্বাস্থ্যবিধি মেনে সামাজিক দূরত্ব বজায় রেখে মসজিদ সমূহে পাঁচ ওয়াক্ত জামাত আদায় নিশ্চিত করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের পক্ষ থেকে সংশ্লিষ্টদের আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করা যাচ্ছে। ইতোমধ্যে কওমী মাদ্রাসাসমূহে ছাত্র/ছাত্রী ভর্তির লক্ষ্যে অফিস খোলা রাখার বিষয়ে আবেদনের প্রেক্ষিতে সামাজিক দূরত্ব ও স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক শুধুমাত্র কওমী মাদ্রাসাসমূহের অফিস আগামী ২ জুন, ২০২০ তারিখ থেকে খোলা রাখা অনুমতি প্রদান করা হলো। উল্লেখ্য যে, শিক্ষা মন্ত্রণালয়ের পরবর্তী নির্দেশনা না পাওয়া পর্যন্ত ছাত্র/ছাত্রীদের পাঠদানের জন্য মাদরাসা খোলা যাবে না।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।


মোঃ সাখাওয়াৎ হোসেন
উপসচিব
ফোন-৯৫৪৫৭৩৮
e-mail: moragovbd@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. বিভাগীয় কমিশনার (সকল)
২. মেট্রোপলিটন পুলিশ কমিশনার (সকল)
৩. উপ-মহাপরিদর্শক (সকল রেঞ্জ) বাংলাদেশ পুলিশ,—
৪. জেলা প্রশাসক (সকল)
৫. পুলিশ সুপার (সকল)

স্মারক নম্বর-১৬.০০.০০০০.০০১.২১.০০৩.২০২০.৩৩৬

তারিখ: ০১/০৬/২০২০ খ্রি.

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো। (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব, মন্ত্রণালয়/বিভাগ।
৫. পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
৬. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৭. সচিব, মন্ত্রণালয়/বিভাগ।
৮. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৯. মহাপরিচালক, ডিজিএফআই/এনএসআই, ঢাকা।
১০. প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, তথ্য মন্ত্রণালয়, (বিজ্ঞপ্তিটি সকল ইলেক্ট্রনিক ও প্রেস মিডিয়ায় প্রচারের অনুরোধসহ)।
১১. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
১২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৩. প্রধানমন্ত্রীর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

১৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর/গাজীপুর/নারায়ণগঞ্জ/ময়মনসিংহ/কুমিল্লা সিটি কর্পোরেশন।
১৫. পরিচালক, আইইডিসিআর, মহাখালী, ঢাকা।
১৬. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১৮. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২০. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২১. পরিচালক/উপ-পরিচালক, সকল বিভাগ ও জেলা কার্যালয়, ইসলামিক ফাউন্ডেশন।
২২. উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)। (উপরোক্ত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ)।
২৩. অফিসার ইনচার্জ, সকল থানা। (উপরোক্ত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ)।
২৪. সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
২৫. প্রোগ্রামার, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)
২৬. সংশ্লিষ্ট নথি/গার্ড ফাইল।



০১.০১.২০২০

মোঃ সাখাওয়াৎ হোসেন
উপসচিব